ARLINGTON
VIRGINIA

আমাদের অভিবাসী কমিউনিটিগুলোর সাথে আস্থার সম্পর্ক জোরদার করার অঙ্গীকার 30 নভেম্বরের গোলটেবিল বৈঠক

নির্বাহী সারসংক্ষেপ

সংক্ষিপ্তসার

30 নভেম্বর 2021 তারিখে, আর্লিংটন কাউন্টি বোর্ডের সদস্যরা "আর্লিংটনের অভিবাসী কমিউনিটির সাথে আস্থার সম্পর্ক জোরদারকরণ" বিষয়ে ছয়টি পৃথক ভার্চুয়াল গোলটেবিল বৈঠকের আয়োজন করেন। দিনব্যাপী 70 জনেরও বেশি অংশগ্রহণকারী একটি ইন্টারঅ্যাকটিভ অনলাইন আলোচনায় যোগদান করেন।

তিনটি সেশন স্পেনিশ ভাষায় পরিচালনা করা হয়, এবং অন্যান্য সেশনের জন্য আমহ্যারিক ও আরবি অনুবাদ পরিষেবারও ব্যবস্থা রাখা হয়। প্রতিটি সেশন কাউন্টি বোর্ডের একজন সদস্য সঞ্চালনা করেন এবং আর্লিংটন কাউন্টির একজন উর্ধ্বতন কর্মী সদস্য এতে সহযোগিতা করেন।

অংশগ্রহণকারীদের মধ্যে অন্যান্য দেশ যেমন পেরু, গুয়াতেমালা, বলিভিয়া, প্যারাগুয়ে, মেক্সিকো, এল সালভাদর, ইথিওপিয়া, এবং বিশ্বের অন্যান্য স্থান থেকে এখানে স্থানান্তর হওয়া আর্লিংটনের অধিবাসীরা অন্তর্ভুক্ত ছিলেন। এদের মধ্যে কেউ ছিলেন আর্লিংটনে নতুন অন্যদিকে অন্যরা 20 বছরের বেশি সময় ধরে আর্লিংটনে বাস করছেন। অন্য অংশগ্রহণকারীদের মধ্যে এমন অধিবাসীরা অন্তর্ভুক্ত ছিলেন যাদের জন্ম যুক্তরাষ্ট্রে কিন্তু তারা প্রতিবেশীদের নিয়ে উদ্বিগ্ন, আর্লিংটনের অধিবাসীদের জন্য ন্যায্য ও সমতাপূর্ণ নীতিমালা, কর্মসূচি ও পরিষেবা এগিয়ে নিতে আগ্রহী প্রবক্তারা, এবং পরিষেবা পেতে আগ্রহী পরিবারগুলোর সাথে সক্রিয়ভাবে কাজ করছে এমন অলাভজনক সেবা প্রদানকারীরা।

প্রতিটি সেশনে অংশগ্রহণকারীদের চারটি গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর দেয়ার জন্য বলা হয়:

- *সরকারি নেতৃবৃন্দ, আইন প্রয়োগকারী সংস্থা, অথবা অন্যান্য সংস্থা সহ আর্লিংটনের কাউন্টি সরকারের সাথে আপনার অভিজ্ঞতা কেমন ছিল?*
- *আর্লিংটনে সুযোগ-সুবিধা পাওয়ার জন্য অথবা কর্মসূচিগুলোর জন্য (যেমন আবাসন, চাইল্ড কেয়ার, স্বাস্থ্য/মানসিক স্বাস্থ্য, অন্যান্য) আবেদন করা অথবা সেগুলোর অ্যাক্সেস পাওয়ার ক্ষেত্রে আপনার অভিজ্ঞতা কেমন ছিল?*
- *আর্লিংটনে "নিরাপদ" বোধ করার জন্য আপনার কী প্রয়োজন?*
- *পরবর্তী পদক্ষেপের জন্য বিবেচনাগুলো কী হতে পারে; এবং আমরা কিভাবে আপনার সাথে আমাদের সম্পৃক্ততা ও যোগাযোগ অব্যাহতভাবে বজায় রাখতে পারি?*

30 নভেম্বরে আয়োজিত সেশনগুলোতে নিম্নলিখিত বিষয়গুলো উঠে এসেছে:

আর্লিংটন কাউন্টি সরকার, আইন প্রয়োগকারী সংস্থা, বা অন্যান্য সংস্থার সাথে অভিজ্ঞতা

- অংশগ্রহণকারীরা সরকারের বিভিন্ন স্তরের (ফেডারেল, স্টেট, স্থানীয়) মধ্যে এবং কখনো কখনো সরকারি ও বেসরকারি সংস্থার মধ্যে পার্থক্য করতে না পারার সমস্যার কথা জানান। একটি সত্তার সাথে হওয়া নেতিবাচক অভিজ্ঞতা (যেমন শেরিফ, ফ্রি ক্লিনিক, পুলিশ বিভাগ, হিউম্যান সার্ভিসেস, ইত্যাদি) অন্য সব কিছুর প্রতি ধারণার উপর প্রভাব ফেলে।
- কাউন্টির কর্মীদের সাথ মিথস্ক্রিয়া সবসময় ইতিবাচক নয়, এবং প্রায় ক্ষেত্রেই সাংস্কৃতিক সংবেদনশীলতার অভাব দেখতে পাওয়া যায়।
- বিভিন্ন পরিষেবা ও সংস্থার মধ্য দিয়ে পথ খুঁজে এগিয়ে যাওয়া বেশ চ্যালেঞ্জিং ব্যাপার।
- অংশগ্রহণকারীরা আইন প্রয়োগকারী সংস্থার প্রতি আস্থা রাখার ইচ্ছা পোষণের কথা জানিয়েছেন, তবে, উল্লেখ করেছেন যে নেতিবাচক মিথস্ক্রিয়ার ফলে সম্পর্কগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে।

সুযোগ-সুবিধা অথবা কর্মসূচিগুলোর জন্য (যেমন আবাসন, চাইল্ড কেয়ার, স্বাস্থ্য/মানসিক স্বাস্থ্য, অন্যান্য) অ্যাক্সেস পাওয়ার ক্ষেত্রে অভিজ্ঞতা

- খাদ্য ও আর্থিক সহায়তা অ্যাক্সেস করার ক্ষেত্রে চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া, যেমন যোগ্যতা।
- কয়েকজন অংশগ্রহণকারী উল্লেখ করেন যে আর্থিক চ্যালেঞ্জগুলো উচ্চ ভাড়ার সাথে সম্পর্কিত।
- গ্রাহক সেবা এবং সহায়তা পেতে চেষ্টা করার সময় সাংস্কৃতিক সংবেদনশীলতার অভাব পরিলক্ষিত হয়েছে।
- পরিষেবা অ্যাক্সেস করার ক্ষেত্রে ভাষা ও অনুবাদকে প্রতিবন্ধকতা হিসেবে তুলে ধরা হয়েছে।
- এছাড়াও সুযোগ-সুবিধা পাওয়ার জন্য আবেদন করার সময় আবশ্যক ডকুমেন্টের সংখ্যা এবং কাগজপত্র পূরণ করার পরিমাণ সম্পর্কে অংশগ্রহণকারীরা তাদের উদ্বেগের কথা জানিয়েছেন।
- মানসিক স্বাস্থ্য সেবা অ্যাক্সেস করার বিষয়টি বিশেষভাবে উল্লেখ করা হয়।
- গুরুত্বপূর্ণ কর্মসূচি ও পরিষেবা সংক্রান্ত তথ্য সহজে পাওয়া যায় না বলে অনুভূত হয়েছে।
- পরিবহনের অ্যাক্সেসও পরিষেবা অ্যাক্সেস করার ক্ষেত্রে একটি প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করা হয়েছে।

'নিরাপদ বোধ করা' বলতে কী বোঝায়

- নির্বাসিত হওয়া সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন।
- পুলিশের দ্বারা থামানো হলে বা আটক হলে তাদের সাথে কী ঘটবে সেটা জানা না

থাকার ভয় (সরকারের যেকোনো পর্যায়ে)।

- পরিষেবা অ্যাক্সেস করার সময় তথ্য ও কাগজপত্র শেয়ার করা নিয়ে উদ্বেগ ও ভয়।
- শিশুদের জন্য অধিক সংবেদনশীলতা সহ পরিবার পৃথক হয়ে যাওয়া সম্পর্কে উদ্বেগ ও ভয়।
- ICE সম্পর্কে, এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা (পুলিশ, শেরিফ) ও ICE-এর মধ্যকার সম্ভাব্য মিথস্ক্রিয়ার ব্যাপারে উদ্বেগ।
- সরকারের সাথে যোগাযোগের সময় পারস্পরিক শ্রদ্ধা ও আস্থার অভাব রয়েছে বলে মনে হওয়া।

পরবর্তী পদক্ষেপসমূহ এবং চলমান সম্পৃক্ততা/যোগাযোগের সুযোগ

- একটি আস্থা-সংক্রান্ত নীতিমালা প্রণয়ণে আগ্রহ।
- কর্মীদের সবাই যাতে নিয়মিত প্রশিক্ষণ পান এবং আস্থা-সংক্রান্ত নীতিমালার সাথে পরিচিত থাকেন তা নিশ্চিত করতে আগ্রহ। নীতিমালা অনুসরণ না করা কোনো কাউন্টি কর্মী/পুলিশের সাথে হওয়া নেতিবাচক অভিজ্ঞতা আমাদেরকে আবার সেই আস্থা গড়ে তোলার পূর্বের অবস্থায় ফিরিয়ে নিয়ে যাবে বলে উদ্বেগ প্রকাশ।
- একজন উর্ধ্বতন-স্তরের কাউন্টি কর্মীর পদ রাখার প্রস্তাব যিনি অভিবাসী জনগোষ্ঠীর সাথে কাজ করার ব্যাপারে জোর দিবেন এবং নতুনদের জন্য প্রশ্ন/উদ্বেগ/রেফারাল এর ব্যাপারে যোগাযোগ করার মূল পয়েন্ট হিসেবে ভূমিকা রাখতে পারবেন।
- কাউন্টি বোর্ডের কাছে La Colectiva-এর জমা দেয়া CAPA (নিপীড়ন থেকে আর্লিংটনের কমিউনিটিগুলোর সুরক্ষা) নীতিমালা বিবেচনা করার ব্যাপারে আগ্রহ প্রকাশ।
- কাউন্টির পরিষেবা ও কর্মসূচিগুলোর জন্য সহজে খুঁজে পাওয়া যায় এমন সাংস্কৃতিক দিক থেকে বন্ধুত্বপূর্ণ যোগাযোগের পথ রাখার ব্যাপারে আগ্রহ প্রকাশ।
- হিউম্যান সার্ভিসেস ও পুলিশ সহ আর্লিংটন কাউন্টি কর্মীদের জন্য সাংস্কৃতিক সংবেদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ নিশ্চিত করার ব্যাপারে আগ্রহ প্রকাশ।
- আর্লিংটনের অভিবাসী কমিউনিটিকে সহায়তা করার জন্য আস্থা, সম্পর্ক, ও কার্যক্রমকে এগিয়ে নিবে এমন আলোচনা অব্যাহত রাখার আগ্রহ প্রকাশ।
- প্রচারণামূলক কার্যক্রমের জন্য আস্থাভাজন কমিউনিটি নেতৃবৃন্দ ও অংশীদারদের কাজে লাগানোর পরামর্শ প্রদান।